



ন্যায়ভিত্তিক বাংলাদেশ নির্মাণে তরুণরাই মূল শক্তি: জামায়াতের আমির



সংগৃহীত ছবি

দেশের ভবিষ্যৎ নেতৃত্ব ও অগ্রযাত্রার মূল শক্তি হবে তরুণ সমাজ— এমন অভিমত ব্যক্ত করেছেন জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান।

গুৱেবার (৭ নভেম্বর) সকালে বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে ইসলামী ছাত্রশিবির আয়োজিত ডাকসুর নির্বাচিত প্রতিনিধিদের সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, যে তরুণরা স্বৈরাচার ও অন্যায়ে শৃঙ্খল ভেঙে দেশকে মুক্ত করেছে, তারাই আগামী দিনের ন্যায়, সমৃদ্ধ ও আদর্শ বাংলাদেশ গড়ে তুলবে।

জামায়াত আমির আরও বলেন, “দমন-নিপীড়নের মুখেও যারা অবিচল থেকে ন্যায় প্রতিষ্ঠায় লড়েছে, তারাই জাতির প্রকৃত আশা। তরুণদের আদর্শ, সততা ও তাগই পরিবর্তনের শক্তি।”

অনুষ্ঠানে ডাকসুর ভিপি সাদিক কায়ম বলেন, নতুন প্রজন্মের বাংলাদেশে মুক্তিযুদ্ধের চেতনা ও জুলাই ব্যবসার মতো দ্বিমুখী প্রবণতা চলবে না। তিনি সতর্ক করে বলেন, সংস্কার প্রস্তুতের বিরোধিতা করলে সেই শক্তিগুলোর পরিণতি হবে ফ্যাসিস্টদের চেয়েও কঠিন।